


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ অধিশাখা

স্মারক নং-স্থাসবি/ইপ/বিবিধ-০৭/২০০৫/৩৫১

তারিখঃ ১০-১১-২০১৩খ্রিঃ

বিষয় : প্রতিবন্ধীদের জন্ম নিবন্ধন ফি মওকুফ।

নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পৌরসভা) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (সিটি কর্পোরেশন) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (ক্যান্টনমেন্ট বোর্ড) বিধিমালা, ২০০৬, জন্ম ও মৃত্যু নিবন্ধন (দূতাবাস) বিধিমালা, ২০০৬ এর বিধি ২০(৪) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার প্রতিবন্ধী ব্যক্তিগণের জন্ম নিবন্ধন ফি মওকুফ করিল। তবে শর্ত থাকে যে, প্রতিবন্ধী ব্যক্তির জন্ম নিবন্ধন আবেদন পত্রে ৫নং ক্রমিকে প্রতিবন্ধিতার বিষয়টি উল্লেখপূর্বক ৭নং ক্রমিকের কলাম-১ এ উপজেলার সমাজসেবা কর্মকর্তা বা শহর সমাজসেবা কর্মকর্তা বা সমপর্যায়ের সমাজসেবা অধিদপ্তরের কোন কর্মকর্তা “নিবন্ধনাধীন ব্যক্তি প্রতিবন্ধী বিধায় বিনা ফিগে জন্ম নিবন্ধনের সুপারিশ করা হলো” মর্মে প্রত্যয়ন করবেন। একজন উপযুক্ত ডাক্তারের প্রত্যয়নের ভিত্তিতেও বিনা ফিতে প্রতিবন্ধী ব্যক্তির জন্ম নিবন্ধন করা যাবে।


(আবু তাহের মুহাম্মদ জাবের)
উপ-সচিব
ফোন- ৯৫১৪১৯০

বিতরণঃ


- ১। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ-----।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা(সকল), সিটি কর্পোরেশন,.....।
- ৩। জেলা প্রশাসক (সকল), -----।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল), উপজেলা-----, জেলা-----।
- ৫। ক্যান্টনমেন্ট এঞ্জিনিয়ারিং অফিসার (সকল), ক্যান্টনমেন্ট বোর্ড,.....।
- ৬। মেয়র, সকল পৌরসভা,।
- ৭। চেয়ারম্যান (সকল),ইউনিয়ন পরিষদ, উপজেলা-----, জেলা-----।

স্মারক নং-স্থাসবি/ইপ/বিবিধ-০৭/২০০৫/ ৩৫১

তারিখঃ ১০-১১-২০১৩খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন, সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।


(আবু তাহের মুহাম্মদ জাবের)
উপ-সচিব